



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব পরিপত্র নং-০১/২০২০

তারিখঃ ২৮.০৪.২০২০

বিষয় : করোনা ভাইরাস (COVID-19) সংক্রমন উদ্ভূত পরিস্থিতিতে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বর্ধিত ব্যয়ভার লাঘবের উদ্দেশ্যে বিগত বছরসমূহের ন্যায় যথারীতি ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহার ২ মাসসহ সর্বমোট (এপ্রিল/২০ হতে জুলাই/২০) ৪ মাসের জন্য গৃহীত অগ্রিমের মাসিক কিস্তি কর্তন স্থগিতকরণ প্রসংগে।

প্রাণঘাতী করোনা ভাইরাস (COVID-19) বিশ্বব্যাপী মহামারীরূপে আঘাত হানার পাশাপাশি বাংলাদেশেও এর ব্যাপকতা বৃদ্ধি পাচ্ছে। ২৬ মার্চ/২০২০ হতে সাধারণ ছুটি ও পর্যায়ক্রমে বিভিন্ন স্থানে লকডাউনের আওতায় সারাদেশ এবং দেশের বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যবসা কেন্দ্র স্থগিত/বন্ধ রয়েছে। জরুরী সেবার পাশাপাশি ব্যাংকসমূহ এই ভয়াবহ পরিস্থিতিতে সীমিত আকারে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ কৃষি ব্যাংক ১০৩৮টি শাখার মাধ্যমে এই দুর্যোগ পরিস্থিতিতে প্রাপ্তিকৃত পর্যায়ে ব্যাংকিং সেবা কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

০২। বৈশ্বিক পরিবর্তিত প্রেক্ষিতসহ দেশে সাধারণ ছুটি ও বিভিন্ন স্থানে লকডাউন চলাকালীন সময়ে ও তৎপরবর্তী ভবিষ্যত আর্থসামাজিক প্রেক্ষিত বিবেচনায় এবং বিভিন্ন পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা বাধাগ্রস্ততায় নিত্য প্রয়োজনীয় দ্রব্য ও অনির্ধারিত ব্যয় বৃদ্ধিপ্রাপ্ত হওয়ায় শ্রমজীবী ও পেশাজীবির মানুষের পাশাপাশি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণও আর্থিক সংকটের সম্মুখীন। দেশের এই দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে জীবন যাত্রার ব্যয় স্বাভাবিক কাজিত মাত্রার তুলনায় বৃদ্ধি পেয়েছে।


০৩। উদ্ভূত পরিস্থিতিতে কর্মকর্তা-কর্মচারীগণের বর্ধিত ব্যয়ভার লাঘবে ২৮.০৪.২০২০ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭৬৫তম সভায় শিরোনামাধীন বিষয়ে একটি কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কার্যপত্রাধীন নিম্নোক্ত প্রস্তাবসমূহে অনুমোদন প্রদান করেন :

ক. প্রতি বছরের ন্যায় ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহা উৎসবের পূর্ববর্তী ২(দুই) মাস, যথাক্রমে এপ্রিল/২০২০ ও জুলাই/২০২০ মাসসহ সার্বিক করোনা উদ্ভূত প্রেক্ষাপট বিবেচনায় বর্ধিত ২(দুই) মাস, মে/২০২০ ও জুন/২০২০ মাস; অর্থাৎ এপ্রিল/২০২০ হতে জুলাই/২০২০ সর্বমোট ৪(চার) মাস ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের (পিআরএল ভোগরতসহ) বর্তমান উর্দ্ধমুখী ব্যয় পরিস্থিতি মোকাবেলায়; গৃহীত সকল অগ্রিমের (গৃহনির্মাণ, মোটর সাইকেল, বাই সাইকেল, কম্পিউটার ও মোবাইল ফোন) বিপরীতে পরিশোধ-কিস্তি অনুযায়ী বেতন হতে কর্তনযোগ্য মাসিক কিস্তি কর্তন স্থগিতকরণ;

খ. ভবিষ্য তহবিলের অগ্রিম পরিশোধ-কিস্তি কর্তন যথারীতি অব্যাহত থাকবে এবং

গ. কোন কর্মকর্তা/কর্মচারী (পিআরএল ভোগরতসহ) বেতন হতে পরিশোধ-কিস্তি কর্তন যথারীতি অব্যাহত রাখার ইচ্ছা পোষন করলে কর্তন অব্যাহত রাখার অনুকূলে বেতন আয়ন ব্যয়ন কর্তৃপক্ষ বরাবর তাকে সম্মতি পত্র প্রদান করতে হবে।

অনুমোদনক্রমে-


(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক


আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ

তারিখঃ ২৮.০৪.২০২০

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(২০)/২০১৯-২০২০/৯২৮(১২৫০)

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'কে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।


(খান তামজিদ আহমেদ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)